DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 13 Sep 2026, 03:10 PM

আন্তর্জাতিক

# নেপালে বন্যায় নিহত বেড়ে ৯৬২, এখনো নিখোঁজ চার সহস্রাধিক

প্রতিবেদক: আন্তর্জাতিক ডেস্ক
প্রকাশের তারিখ: বুধবার, ০২ সেপ্টেম্বর ২০২৬, ০৭:৫৫ PM



নেপালে ঘটে যাওয়া আকস্মিক বন্যায় ক্ষয়ক্ষতি ও প্রাণহানির সংখ্যা বেড়েই চলেছে। সর্বশেষ তথ্য অনুযায়ী, এ পর্যন্ত ৯৬২ জনের মৃতদেহ উদ্ধার করা হয়েছে। এ ছাড়া এখনো প্রায় চার হাজারের বেশি মানুষ নিখোঁজ রয়েছেন।

মঙ্গলবার (১ সেপ্টেম্বর) সকালে দেশটির নুয়াকোটের বেত্রাবতী এলাকার একটি বাড়ি থেকেই ২৩ জনের মরদেহ উদ্ধার করেন উদ্ধারকারীরা। পাশাপাশি ভারতের গণ্ডক নদী থেকে আরও ১৩ জনের মরদেহ উদ্ধার করা হয়েছে, যা নেপাল কর্তৃপক্ষের কাছে হস্তান্তরের আইনি প্রক্রিয়া চলছে।

এদিকে রাসুয়ার উত্তরগয়া গ্রামের একটি সরকারি বিদ্যালয়ের প্রায় ৩৫০ জন শিক্ষার্থী নিখোঁজ রয়েছে বলে স্থানীয় সূত্রে জানা গেছে।

টানা দুর্যোগপূর্ণ পরিস্থিতির কারণে ত্রিশুলির থ্রি-এ জলবিদ্যুৎ প্রকল্পের উদ্ধার কাজ ষষ্ঠ দিনের মতো স্থগিত রাখতে বাধ্য হয়েছেন উদ্ধারকর্মীরা। অন্যদিকে ত্রিশুলি থ্রি-বি প্রকল্পের অন্তত ১১৮ জন শ্রমিক এখনো নিখোঁজ রয়েছেন। ধসে পড়া সড়ক যোগাযোগ ও বিরূপ আবহাওয়ার কারণে দুর্গম অঞ্চলগুলোতে ত্রাণ ও উদ্ধার তৎপরতা মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে।

## এ বিভাগের আরও খবর



### ২৪০ যাত্রী নিয়ে জাভা সাগরে নিখোঁজ জাহাজ

ইন্দোনেশিয়ার পূর্ব জাভা থেকে বোর্নিও দ্বীপের দক্ষিণ কালিমন্তানের পথে ২৪০ যাত্রী নিয়ে একটি যাত্রীবাহী জাহাজের যোগাযোগ বিচ্ছিন্ন হয়েছে। রবিবার...




### সৌদি সামরিক ঘাঁটিতে হুথিদের মিসাইল-ড্রোন হামলা

সৌদি আরবের দক্ষিণাঞ্চলের একটি সামরিক ঘাঁটিতে মিসাইল ও ড্রোন হামলা চালিয়েছে ইয়েমেনের হুথি বিদ্রোহীরা। বাংলাদেশ সময় রোববার (১৩ সেপ্টেম্বর) মধ্...



### মধ্যপ্রাচ্যে আগ্রাসন ও একতরফা শুল্ক আরোপে নিন্দা ব্রিকসের নেতাদের

জাতিসংঘ নিরাপত্তা পরিষদের (ইউএনএসসি) □কাঠামোগত পরিবর্তন□-সহ বহুপক্ষীয় সংস্থাগুলোর সংস্কারের জোর দাবি জানিয়েছেন ব্রিকসের শীর্ষ নেতারা। পাশাপা...



**হুথিদের হামলায় সৌদির জিজানে মসজিদসহ বহু স্থাপনা ক্ষতিগ্রস্ত**

ইয়েমেনের হুথি বিদ্রোহীদের হামলায় সৌদি আরবের জিজান প্রদেশে একটি মসজিদসহ বহু ঘরবাড়ি ক্ষতিগ্রস্ত হয়েছে। সৌদি আরবের সিভিল ডিফেন্স জানিয়েছে, হুথি...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/international/nepale-bnjay-niht-bere-962-ekhnea-nikhonj-char-shsradhik